

সংবাদ বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে যোগদান করেছেন

অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে আজ দুপুর ১২.০০ ঘটিকায় যোগদান করেছেন বিশিষ্ট ইসলামি চিন্তাবিদ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ। নবনিযুক্ত উপাচার্যকে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তর কর্তৃক ফুল দিয়ে বরণ করে নেয় বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীগণ। মাননীয় উপাচার্য যোগদান শেষে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী কর্তৃক আয়োজিত এক সংক্ষিপ্ত সংবর্ধনা অনুষ্ঠানে মাদরাসা শিক্ষার মান উন্নয়ন ও অধুনিকায়নের লক্ষে বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা কর্তৃক প্রতিষ্ঠিত ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার লক্ষ্য অর্জনে সংশ্লিষ্ট সকলকে ব্যক্তি স্বার্থের উর্ধ্বে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান। এসময় সেখানে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ ও ট্রেজারার এস. এম. এহসান কবীরসহ বিশ্ববিদ্যালয়ের সকল স্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। সংক্ষিপ্ত সংবর্ধনা অনুষ্ঠানের শেষ পর্যায়ে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সার্বিক মঙ্গল কামনা করে দোয়া করা হয়। অনুষ্ঠানের শেষে তিনি উপস্থিত সকলকে সাথে নিয়ে বিশ্ববিদ্যালয়ের “হৃদয়ে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার” উদ্বোধন করেন।

যোগদান ও সংক্ষিপ্ত সংবর্ধনা অনুষ্ঠান শেষে নবনিযুক্ত মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ বিশ্ববিদ্যালয়ের সকলকে সাথে নিয়ে ধানমন্ডি ৩২ নম্বরে জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এর আগে গতকাল (৪ এপ্রিল) মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের আচার্য ও মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে প্রফেসর ড. মুহাম্মদ আব্দুর রশিদকে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে নিয়োগ দিয়ে প্রজ্ঞাপণ জারি করে শিক্ষা মন্ত্রণালয়।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

স্বাক্ষরিত/-

(ড. মো. আবু হানিফা)

উপ-রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।